



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১



স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-১৮/১৩৬৬

তারিখ: ০৪ মাঘ ১৪২৪
১৭ জানুয়ারি ২০১৮

বিষয় : ২০১৮ সালের দাখিল পরীক্ষার কেন্দ্র সচিবদের সাথে মতবিনিময় সভা ও প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ে তাঁর জেলার আওতাধীন ২০১৮ সালের দাখিল পরীক্ষার সকল কেন্দ্র সচিবদের সাথে এক মতবিনিময় সভা সরকারি মাদরাসা-ই-আলিয়া, বকশিবাজার, ঢাকার অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। মত বিনিময় সভা শেষে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের নিকট ২০১৮ সালের দাখিল পরীক্ষার্থীদের প্রবেশপত্রসহ আনুসাংগিক কাগজপত্র বিতরণ করা হবে।

তারিখ	দিন	সময়	বিভাগ
২২.০১.২০১৮	সোমবার	সকাল ১০.০০ টায়	খুলনা, বরিশাল, রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা
২৩.০১.২০১৮	মঙ্গলবার	সকাল ১০.০০ টায়	ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের সকল জেলা

উল্লিখিত তারিখ ও সময়ে ২০১৮ সালের দাখিল পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবদের জেলা সদরে অবস্থিত কেন্দ্রের ক্ষেত্রে জেলা প্রশাসকের এবং উপজেলার কেন্দ্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রাধিকার পত্রসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে দাখিল পূর্বক প্রবেশপত্র সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট www.bmeb.gov.bd থেকে কেন্দ্র সচিবদের রেজিস্ট্রেশন ফরম প্রিন্ট করে (পূরণকৃত ফরম) অবশ্যই সঙ্গে আনতে হবে।

১৭.০১.১৮
(এস. এম. মোর্শেদ বিপুল)
পরীক্ষা নিয়ন্ত্রক

জেলা প্রশাসক
(সকল জেলা)।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- (১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) বিভাগীয় কমিশনার (সকল)।
- (৩) অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, বকশিবাজার, ঢাকা (তাঁকে অডিটোরিয়াম ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- (৪) অধ্যক্ষ, সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা/সরকারি মোস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
- (৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কেন্দ্র সচিবদের মতবিনিময় সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- (৬) অধ্যক্ষ/সুপার/কেন্দ্র সচিব, সংশ্লিষ্ট সকল মাদ্রাসা।
- (৭) প্রোগ্রামার, আই, টি, সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৯) অফিস নথি।